শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-শেকৃবি/এ/টি-১০১/প্রশাঃ/২০০৬/ ৬০৫ তারিখ: ২৪-০২-২০২২

বিষয়: চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি মোহাম্মদ মশিউর রহমান, সহকারী অধ্যাপক, কৃষি প্রকৌশল বিভাগ, শেকৃবি, ঢাকা এবং

যেহেতু ১৮-০৪-২০১২ তারিখের আপনার আবেদনের প্রেক্ষিতে আপনার অনুকূলে ২৯-০৪-২০১২ হতে ২৮-০৪-২০১৩ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর শিক্ষাছুটি মঞ্জুরসহ বহিঃবাংলাদেশ (অস্ট্রেলিয়া) গমনের অনুমোদন করা হয় এবং আপনি উক্ত ছুটি নিয়ে অস্ট্রেলিয়া গমন করেন। এবং

যেহেতু পরবর্তীতে আপনার আবেদনের প্রেক্ষিতে পিএইচ. ডি কোর্সে অধ্যয়ন সম্পন্ন করার জন্য উক্ত ছুটির মেয়াদ ধারাবাহিকভাবে আরো ০৩ (তিন) বছর অর্থাৎ ২৯-০৪-২০১৩ হতে ২৮-০৪-২০১৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা।

যেহেতু আপনি নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ অনুমোদিত ছুটি শেষে (২৯-০৪-২০১৬ তারিখের মধ্যে) অস্ট্রেলিয়া হতে দেশে ফিরে কর্মস্থলে যোগদান করেননি। এবং

যেহেতু অদ্যাবধি আপনি কর্মস্থলে যোগদান করেননি বা অফিস/বিভাগের সাথে কোনরূপ যোগাযোগ করেননি। এবং

যেহেতু আপনি অনুমোদিত শিক্ষাছুটির মেয়াদ শেষে কর্মস্থলে যোগদান না করে বিনানুমতিতে ২৯-০৪-২০১৬ তারিখ হতে নিজ কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং

যেহেতু আপনার এরূপ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি কার্যকলাপ শেকৃবি'র জন্য প্রযোজ্য ও প্রচলিত সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২ (ডি) উপ-বিধি তথা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (এফ) উপ-বিধিতে বর্ণিত "পলায়ন (Desertion)" অর্থ বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর অপরাধ বিবেচনায় আপনার বিরুদ্ধে ২৮-০৪-২০১৯ তারিখ শেকৃবি/এ/টি-১০১/প্রশাঃ/২০০৬/১২৬৬ স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারী করা হয়। উক্ত অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিত জবাব প্রদানের জন্য বলা হয়েছিল তারই প্রেক্ষিতে আপনি ই-মেইল এ লিখিত জবাব প্রদান করেন যা কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য না হওয়ায় ৩১-১২-২০২০ তারিখ শেকৃবি/আই-০৯/প্রশাঃ/২০২০/১৯৬৫ স্মারকমূলে ০১ (এক)টি তদন্ত কমিটি গঠন করা হয়।

যেহেতু এতদুদ্দেশ্যে গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ তথা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (এফ) উপ-বিধিতে বর্ণিত "পলায়ন (Desertion)" অর্থ বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর অভিযোগ সন্দেহাতীত ও যৌক্তিকভাবে প্রমাণিত হয়েছে এবং

যেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ৩ অনুযায়ী গুরুদন্ডের আওতায় আপনাকে চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service) যুক্তিযুক্ত বলে প্রতীয়মান হয়েছে।

যেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (এফ) উপ-বিধিতে বর্ণিত "পলায়ন (Desertion)" অর্থ বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর অভিযোগ সন্দেহাতীত ও যৌক্তিকভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪ এর উপ-বিধি ৩ অনুযায়ী গুরুদন্ডের আওতায় কেন আপনাকে চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না সে বিষয়ে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হয় এবং আপনি তা সত্ত্বেও নির্ধারিত সময় অতিবাহিত হয়ে যাবার পরও কোন জবাব প্রদান করেননি এবং

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-শেকৃবি/এ/টি-১০১/প্রশাঃ/২০০৬/ ৮০৫

তারিখ: ২৪-০২-২০২২

যেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (এফ) উপ-বিধিতে বর্ণিত "পলায়ন (Desertion)" অর্থ বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪ এর উপ-বিধি ৩ অনুযায়ী গুরুদন্ডের আওতায় কেন আপনাকে শাস্তি প্রদান করা হবেনা সে বিষয়ে চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ বরাবর আপনাকে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া গেল। নির্ধারিত সময়ের মধ্যে জবাব না পাওয়া গেলে ধরে নেয়া হবে এ অভিযোগে আপনার কোন জবাব নেই এবং তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষ আপনার বিষয়ে একতরফা আইন/বিধিগত ব্যবস্থা গ্রহণ করার এখতিয়ার রাখেন। জবাব প্রদানের সুবিধার্থে তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের ছায়ালিপি এতদসংঙ্গে সংযুক্ত পূর্বক প্রেরণ করা হলো।

প্রাপক:
মোহাম্মদ মশিউর রহমান
সহকারী অধ্যাপক, কৃষি প্রকৌশল বিভাগ, শেকৃবি, ঢাকা
(অনুমোদিতভাবে অস্ট্রেলিয়া গমনের পর বর্তমানে অননুমোদিতভাবে অস্ট্রেলিয়া অবস্থান করছেন)

স্থায়ী ঠিকানা:
পিতা: মোহাম্মদ বশির উল্লাহ
৪০৮/২, ছায়াবাগ, শিমুলতলী
গ্রাম: চতর, পো: বিওএফ-১৭০৩
উপজেলা: গাজীপুর সদর, জেলা: গাজীপুর।
ই-মেইল: moshiursau@yahoo.com

মাননীয় ভাইস-চ্যান্সেলরের অনুমোদনক্রমে,

(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার